

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/মা:প:অর্থ বরাদ্দ/০২/২০১৯-২০/ ৬৬৬৭

তারিখ : ০৫.০৭.২০২০ খ্রি.


বিষয়: আমার বাড়ি আমার খামার প্রকল্পের জেলা পর্যায়ের আয়ন-ব্যয়ন (ডিডিও) কর্মকর্তার দায়িত্ব পুঞ্জ নির্ধারন প্রসংশো।

সূত্র : ১। এবাএখা/অর্থ ও হিসাব/মাঃ পঃ অর্থ বরাদ্দ/২১২/২০১০/১৩২১, তারিখ-০৪.০৬.২০১১ খ্রি.

২। এবাএখা/প্রশা/আব্যকদাপ্র/২৭/২০১৮-৭২৪, তারিখ: ২২/১১/২০১৮ খ্রি:

আমার বাড়ি আমার খামার প্রকল্পের (পূর্বের একটি বাড়ি একটি খামার) জেলা পর্যায়ের আর্থিক দায়িত্ব পালনের জন্য সূত্রস্থ ১নং স্মারকে অতিরিক্ত জেলা প্রশাসক ও উপ-পরিচালক, বিআরডিবি'কে যৌথভাবে প্রকল্পের আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের নিজস্ব জেলা সমন্বয়কারী নিয়োগ দেয়া হয়েছে এবং সূত্রস্থ ২নং স্মারকে জেলা সমন্বয়কারীগণকে উপরিলিখিত কর্মকর্তাদের সাথে যৌথভাবে আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হয়। বিআরডিবি'র উপ-পরিচালকগণ বর্তমানে প্রকল্পের জেলা সমন্বয়কারীর দায়িত্ব পালন করছেন না। প্রকল্পের নিয়োগকৃত জেলা সমন্বয়কারীগণ ইতোমধ্যে আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালনে অভিজ্ঞতা অর্জন করেছেন। প্রকল্প মেয়াদ শেষের দিকে। বিআরডিবি'র উপ-পরিচালকগণ তাঁদের দপ্তরের কাজে অত্যন্ত ব্যস্ত থাকেন। এ পরিপ্রেক্ষিতে উপ-পরিচালকদের প্রকল্পের আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্বে অব্যাহত রাখার যৌক্তিকতা দেখা যায় না।

এমতাবস্থায় ইতোপূর্বে জারিকৃত প্রকল্পের জেলা পর্যায়ের আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান সংক্রান্ত সকল আদেশ বাতিল করা হলো। এখন হতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও প্রকল্পের জেলা সমন্বয়কারীকে যৌথভাবে সংশ্লিষ্ট জেলায় প্রকল্পের আয়ন-ব্যয়ন (ডিডিও) কর্মকর্তার দায়িত্ব অর্পন করা হলো। আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ দায়িত্ব পালনকালে আর্থিক বিধিবিধান কঠোরভাবে অনুসরণ করবেন। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


আকবর হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), (সকল জেলা)।
২. জেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল:

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক-বিআরডিবি, পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা;
৩. জেলা প্রশাসক, -----;
৪. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----;
৬. উপপরিচালক, বিআরডিবি, -----;
৭. হিসাবরক্ষণ অফিসার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা;
৮. অফিস নথি।